

## অবকাঠামোর তথ্য

### জমি ও অন্যান্য:

এই প্রতিষ্ঠানটি ১৪.১৭ একর জমির ওপর অবস্থিত। ০২ টি অংশে খেলার মাঠ রয়েছে। ০২ টি পুকুর আছে। বড় পুকুরটির আয়তন প্রায় ১.৬৫ একর। ছোট পুকুরটির আয়তন ৩০ শতক প্রায়। পুকুর দুটি দ্বারা শিক্ষার্থীরা গোসলসহ অন্যান্য কাজে পানির প্রয়োজন মিটাতে পারে।

পুকুরের দক্ষিণ পার্শে ২৮৬০ বর্গ মিটার (৭০ শতক) জমি নিয়ে একটি মাঠ রয়েছে। এছাড়া ইনস্টিটিউট জামে মসজিদ সংলগ্ন আরও একটি মাঠ (৫০ শতক) আছে।

এছাড়া রয়েছে সার্ভে ইনস্টিটিউট জামে মসজিদ। যেখানে শিক্ষার্থীরা ও এলাকাবাসী নামাজ আদায় করে। এর চারপাশ এলাকায় কিছু বন এলাকা রয়েছে যা ইনস্টিটিউটকে করেছে সবুজায়িত।

### ভবনসমূহ:

প্রতিষ্ঠানে বর্তমানে ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্পের অধীনে নির্মানাধীন কয়েকটি ভবন আছে। এছাড়াও পুরাতন আরও কয়েকটি ভবন রয়েছে। নিচে এর সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো।

পুরাতন ভবনসমূহ			
ভবনের নাম	ভবনের বিবরণ	স্থাপনের সাল	মন্তব্য
একাডেমিক কাম প্রশাসনিক ভবন	এটিই বর্তমানে মূল ভবন হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। ভবনটি ০৩ তলা বিশিষ্ট রাউন্ড আকারে ভবন। ভবনটির আয়তন ২৮৬০ বর্গ মিটার। ২২ শতক জায়গার উপর ভবনটি অবস্থিত। এর নিচ তলায় অধ্যক্ষের কক্ষ। অফিস কক্ষ, চিফ ইন্সট্রাক্টর (টেক) কক্ষ, কনস্ট্রাকশন ও বিজ্ঞান ল্যাব, পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষ, জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) এর কক্ষ এবং কর্মচারীদের জন্য বাথরুম রয়েছে। দ্বিতীয় তলায় কম্পিউটার ল্যাব, সার্ভে ল্যাব, শিক্ষক (নন-টেক) কক্ষ, ও ০২ টি ক্লাশ রুম ও নিরাপত্তা সেকশনের কক্ষ আছে। তৃতীয় তলায় কনফারেন্স রুম, ০২ টি ক্লাশ রুম ও বাথরুম আছে।	২০০০ খ্রিষ্টাব্দ	
ছাত্রাবাস ভবন (পুরাতন)	লম্বালম্বি টিনশেডের প্রায় ২০ টি কক্ষবিশিষ্ট একটি পুরাতন ভবন ছাত্রাবাস হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। শিক্ষা প্রকৌশলের তত্ত্বাবধানে এই ভবনগুলোতে টাইলস, রঙ করা সহ কয়েকটি সংস্কার কাজ করা হয়েছে। বর্তমানের শিক্ষার্থীরা এই ভবনে বসবাস করার সুযোগ পাচ্ছে।	১৯৩৫ খ্রিষ্টাব্দ	
লাইব্রেরি ভবন	পুরাতন লাইব্রেরি ভবনটি ১৯৩৫ সালে স্থাপিত একটি প্রাচীন ভবন। বর্তমানে এটি ঝুঁকিপূর্ণ এবং পরিত্যক্ত অবস্থায় আছে।		
পুরাতন স্টাফ কোয়ার্টার	এটি আবাসিক এলাকায় অবস্থিত এবং বর্তমানে একমাত্র কর্মচারী ভবন। দ্বিতল এই ভবনে রয়েছে ০৩ টি ইউনিট। নিচ তলায় দুটি ও দুই তলায় একটি ইউনিট।	২০০০ খ্রি.	
নতুন ভবনসমূহ			
প্রশাসনিক ভবন (নির্মানাধীন)	৫ তলা এই ভবনটি সম্পূর্ণরূপে প্রশাসনিক কাজকর্ম করার জন্য নির্মান করা হয়েছে। এর ৭০% কাজ শেষ এবং দ্রুতগতিতে এর নির্মান কাজ শেষ হবে। প্রতি ফ্লোরের আয়তন ৪০০ বর্গমিটার।	২০২১ খ্রি. কাজ শুরু হয়েছিলো	

মাল্টিপারপাস ভবন (নির্মাণাধীন)	৫ তলা এই ভবনটি বিভিন্ন কাজে ব্যবহৃত হবে। প্রতি ফ্লোরের আয়তন ৩০০ বর্গমিটার। ল্যাব ক্লাশ, থিওরি ক্লাশ, শিক্ষার্থীদের কমন রুম ইত্যাদি বিভিন্ন কাজে এই রুমগুলো ব্যবহার হবে।	২০২০ খ্রি. কাজ শুরু হয়েছিলো	
ছাত্রাবাস ভবন	০৪ তলা বিশিষ্ট নতুন ছাত্রাবাস নির্মাণ করা হয়েছে। এর প্রায় ৮০% কাজ শেষ হয়েছে। ৪২ টি কক্ষবিশিষ্ট এই ভবনে ১৭০ জন শিক্ষার্থী থাকার সুযোগ পাবে। বিশালাকার এ ভবনে রয়েছে শিক্ষার্থীদের থাকার সকল ধরনের সুবিধা ও মনোরম পরিবেশ।	২০২২ সালে নির্মাণ কাজ শুরু হয়েছিলো।	
শিক্ষক ডর্মেটরি	শিক্ষকদের আবাসন সমস্যা দূরীকরণে ০৫ তলা এই ভবন নির্মাণ করা হয়েছে। প্রতিটি ফ্লোরে ০৪ টি ইউনিট রয়েছে। ইনস্টিটিউটের আবাসিক এলাকায় এই ভবনটি অবস্থিত। প্রতিটি ফ্লোরের আয়তন ২০০ বর্গ মিটার। ভবনটির ৮০% কাজ শেষ হয়েছে।	২০২১ সালে কাজ শুরু হয়েছিলো।	
স্টাফ কোয়ার্টার	০৫ তলা এই ভবনে ১০ টি ইউনিট রয়েছে। প্রতি ফ্লোরের আয়তন ১২০ বর্গ মিটার।	২০২১ সালে কাজ শুরু হয়েছিলো।	
ছাত্রীনিবাস (নির্মাণ প্রস্তাবিত)	বর্তমানে আবাসিক এলাকায় একটি ০৪ তলা বিশিষ্ট ছাত্রীনিবাস তৈরির প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে। এই ভবনটি নির্মাণ হলে ছাত্রীরা নিরাপদে ইনস্টিটিউট এলাকায় বসবাসের সুযোগ পাবে। এই ভবন নির্মাণের মাটি পরীক্ষার কাজ সম্পন্ন হয়েছে। আশা করা যাচ্ছে দ্রুত এই ভবনের নির্মাণ কাজ শুরু হবে।	নির্মাণ প্রস্তাবিত	